করিলেন। শ্রীবৃন্দাবনস্থ শ্রীশ্রীরাধা-দামোদর সেবা ইহাঁরই প্রকটিত।

এক্ষণে শ্রীজীবগোস্বামি কৃত গ্রন্থসংগ্রহশ্লোকের নামোল্লেখ করা হইতেছে, শব্দানুশাসন, শ্রীহরিনামামৃত ব্যাকরণ, তৎসূত্রমালা, ধাতুসংগ্রহ লঘুশ্রীকৃষ্ণার্চ্চনদীপিকা, গোপালবিরুদাবলী রসামৃত, রসামৃতশেষ, শ্রীমাধবমহোৎসব, সঙ্কল্পকল্পদ্রুম, শ্রীগোপালতাপনীরটীকা, শ্রীব্রহ্মসংহিতার টীকা, ভক্তিরসামৃতসিন্ধুরটীকা, উজ্জ্বলনীলমণির টীকা, যোগসারসস্তবের টীকা, অগ্নিপুরাণস্থ গায়ত্রী বিবৃতি, পদ্মপুরাণোক্ত শ্রীকৃষ্ণপদ চিহ্ন এবং শ্রীরাধার কর ও পদচিহ্ন সমাহৃতি, শ্রীগোপাল চম্পূ, ষট্-সন্দর্ভ এবং ক্রম-সন্দর্ভ নামে শ্রীমদ্ভাগবতের টীকা।

ষট্-সন্দর্ভের অন্তর্গত শ্রীভক্তি-সন্দর্ভ নামক গ্রন্থে শ্রীজীব গোস্বামিপাদ বিষয় চতুষ্টয়ের আলোচনা করিয়াছেন, যথা— (১) ভক্তি করিব কাহাকে? (২) ভক্তিই করিব কেন? (৩) ভক্তি করিবে কে? (৪) ভক্তি কাহাকে বলে? ভক্তির স্বরূপ বর্ণন প্রসঙ্গে প্রথমতঃ আরোপসিদ্ধা, সঙ্গসিদ্ধা ও স্বরূপসিদ্ধা এই তিনটী বিভাগ করিয়া স্বরূপসিদ্ধা শুদ্ধাভক্তির আবার বৈধী ও রাগানুগা ভেদে দুইটী প্রকার দর্শন করাইয়াছেন। অলমতিবিস্তরেণ।

শ্রীধাম নবদ্বীপ,
বৈষ্ণবপাড়া।

শ্রীশ্রীগুরুবৈষ্ণব কৃপাপ্রার্থী—

শ্রীপ্রাণগোপাল গোস্বামী